

আন্তর্জাতিক

ইন্দোনেশিয়ায় ফের ৫ দশমিক ৯ মাত্রার ভূমিকম্পের আঘাত

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ইন্দোনেশিয়ার উত্তরাঞ্চলীয় ফ্লোরেস অঞ্চলে ফের ৫ দশমিক ৯ মাত্রার ভূমিকম্প হয়েছে। আজ সোমবার স্থানীয় সময় ভোর ৪টা ৪৬ মিনিটে ভূমিকম্পটি আঘাত হানে।

জার্মানির ভূতত্ত্ব গবেষণা সংস্থা জার্মান রিসার্চ সেন্টার ফর জিওসায়েন্সেস (জিএফজেড) এ তথ্য নিশ্চিত করেছে। সংস্থাটি জানিয়েছে, ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল ভূপৃষ্ঠের মাত্র ১০ কিলোমিটার গভীরে।

ফ্লোরেস ইন্দোনেশিয়ার পূর্ব নুসা তেঙ্গারা প্রদেশের অন্তর্ভুক্ত। অঞ্চলটিতে আটটি রিজেন্সি বা স্থানীয় সরকার ইউনিট রয়েছে।

এর আগে গত শনিবার, ১৫ আগস্ট পূর্ব নুসা তেঙ্গারা প্রদেশে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে। এর কয়েক ঘণ্টার মধ্যে ৩৪১টি পরাঘাত বা আফটারশক হয়। ওই ভূমিকম্পের উৎপত্তিস্থলও ছিল ফ্লোরেস অঞ্চলে। এর গভীরতাও ছিল ১০ কিলোমিটার।

শক্তিশালী ওই ভূমিকম্পে পূর্ব নুসা তেঙ্গারার বিভিন্ন এলাকায় বাড়িঘর ও ভবন ধসে পড়ে। ধ্বংসস্তূপ থেকে এ পর্যন্ত ৫৩ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে জানিয়েছে দেশটির জাতীয় দুর্যোগ মোকাবিলা সংস্থা বিএনপিবি।

ওই ভূমিকম্পের প্রায় ১২ ঘণ্টা পর আরেকটি শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে ইন্দোনেশিয়ার উত্তর সুমাত্রা প্রদেশে। স্থানীয় সময় সন্ধ্যা ৫টা ৫৪ মিনিটে হওয়া ওই ভূমিকম্পের মাত্রা ছিল ৬ দশমিক ৯।

যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএসের তথ্য অনুযায়ী, উত্তর সুমাত্রার অন্যতম বড় শহর পেমাতাংসিয়ানতার থেকে ৭ কিলোমিটার উত্তর-পশ্চিমে ছিল ওই ভূমিকম্পের উৎপত্তিস্থল। এর গভীরতা ছিল ১৮৩ দশমিক ২ কিলোমিটার।

এদিকে ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে উদ্ধার ও ত্রাণ কার্যক্রম জোরদার করতে গতকাল রোববার ১৪ দিনের জরুরি অবস্থা জারি করেছে পূর্ব নুসা তেঙ্গারা প্রাদেশিক সরকার। স্থানীয় সংবাদমাধ্যম অন্তরা নিউজ এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

জরুরি অবস্থা জারির পরদিনই ফ্লোরেন্স অঞ্চলে ফের ৫ দশমিক ৯ মাত্রার ভূমিকম্প হলো।

সূত্র: এনডিটিভি, সাউথ চায়না মর্নিং পোস্ট

এ বিভাগের আরও খবর



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি ছতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের শশস...



ছবিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের ছবি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে হুথিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের হুথিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/indoneshijaj-fer-5-dshmik-9-matrar-bhumikmper-aghat>